# ক্রমঃ ৯০ আল-মানিই' اَلْمَانِعُ

## অর্থ

অকল্যাণরোধক, প্রতিরোধকারী, রক্ষাকর্তা, নিষেধকারী, বারণকারী

## English

 Al-Mani'
- The Supporter who protects and gives victory to His pious believers. Al-Mu'tiy
- The Withholder
- The Preventer, the prohibiter, the defender.

## ব্যাখ্যা

> اَلْمَانِعُ| আল-মানি‘ (প্রতিরোধকারী, রক্ষাকর্তা, নিষেধকারী, বারণকারী)[1]: আল-মু‘তী, আল-মানি‘ | Al-Mni | The Withholder

আল-মু‘তী (দানকারী) ও আল-মানি‘ (প্রতিরোধকারী, রক্ষাকর্তা) পরস্পর বিপরীত অর্থ সম্পন্ন নাম, যার একটির দ্বারা আল্লাহর প্রশংসা করলে অন্যটির দ্বারাও প্রশংসা করা অত্যাবশ্যকীয় হয়ে যায়। কেননা উভয় নাম একত্রে পরিপূর্ণ পূর্ণতা বুঝায়।[2]

অত:এব, তিনি দানকারী আবার তিনি প্রতিরোধকারী ও দান করা থেকে বারণকারী, তিনি যাকে দান করেন তাকে বাধা দেওয়ার কেউ নেই, আবার তিনি যাকে দান করা থেকে বিরত থাকেন তাকে কেউ দান করতে পারে না। অত:এব, সমস্ত কল্যাণ ও উপকারীতা একমাত্র তাঁরই থেকে, তাঁর কাছেই কল্যাণ প্রত্যাশা করা হয়, তিনি তাঁর হিকমত ও রহমত অনুসারে যাকে ইচ্ছা দান করেন আবার যাকে ইচ্ছা দান করা থেকে বারণ করেন।[3]

---

[1] এ নামের সমার্থক ‘আল-বাসিত’ নামের সাথে এ নামের বিস্তারিত আলোচনা উল্লেখ করা হয়েছে।

[2] আল-হাক্কুল ওয়াদিহ আল-মুবীন, পৃ. ৮৯।

[3] আত-তাফসীর, ৫/৬২৮।

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=90

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন